রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, ডিসেম্বর ৪, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ অগ্রহায়ণ, ১৪২১ বঙ্গাব্দ/০২ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং- ২৭৭-আইন/২০১৪।**—নিবন্ধন আইন, ১৯০৮ (১৯০৮ সনের ১৬নং আইন) এর ধারা ৭৮ এর অধীন প্রদত্ত ক্ষমতাবলে সরকার দলিল নিবন্ধন সংক্রান্ত নিম্নবর্ণিত ফিসের তালিকা প্রণয়ন করিল, যাহা ১৬ নভেম্বর, ২০১৪ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে ও উক্ত তারিখ হইতে বর্তমানে বলবৎ ফিসের তালিকার স্থলাভিষিক্ত হইবে, যথা :—

**১-সাধারণ ফি**

| দফা | মূল্য বর্ণিত দলিলের বিবরণ | | ফিসের হার বা পরিমাণ |
|---|---|---|---|
| **ক (১)** | * নিম্নবর্ণিত দলিলের ক্ষেত্রে উহাতে অধিকার, স্বত্ব ও স্বার্থের মূল্য উল্লেখ করা হইলে উক্ত মূল্যানুসারে দলিল নিবন্ধনের জন্য নিম্নবর্ণিত হারে ফিস প্রদেয় হইবেঃ | | |
| | (ক) | দলিলের মূল্য [নিম্ন (গ) উপ-অনুচ্ছেদে বর্ণিত দলিল ব্যতীত অন্যান্য দলিলের ক্ষেত্রে] ৫০০০/- টাকার অধিক না হইলে— | মূল্যের ২%, তবে সর্বনিম্ন ১০০/- টাকা; |
| | (খ) | দলিলের মূল্য [নিম্ন (গ) উপ-অনুচ্ছেদে বর্ণিত দলিল ব্যতীত অন্যান্য দলিলের ক্ষেত্রে] ৫০০০/- টাকার অধিক হইলে— | মূল্যের ২%। |



**মূল্য ঃ** টাকা ১৬.০০

(গ) (১) নিবন্ধন আইনের ধারা ৭৮ক(ক) এর অধীন স্থাবর সম্পত্তির বিক্রয়চুক্তির ক্ষেত্রে :

| | | |
|---|---|---|
| (অ) | সম্পত্তির মূল্য অনূর্ধ্ব ৫ (পাঁচ) লক্ষ টাকা হইলে— | —পাঁচশত টাকা; |
| (আ) | সম্পত্তির মূল্য ৫ (পাঁচ) লক্ষ টাকার ঊর্ধ্বে, কিন্তু অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা হইলে— | —এক হাজার টাকা; |
| (ই) | সম্পত্তির মূল্য ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার ঊর্ধ্বে হইলে— | —দুই হাজার টাকা। |

(২) নিবন্ধন আইনের ধারা ৭৮ক(খ) এর অধীন মুসলমানগণের ব্যক্তিগত আইনের (শরিয়াহ) অধীন স্বামী-স্ত্রী; পিতা/মাতা-সন্তান; পিতামহ-পিতামহী (মাতামহ-মাতামহী) ও পৌত্র-পৌত্রী (দৌহিত্র-দৌহিত্রী), সহোদর ভ্রাতা; সহোদর ভগ্নী; এবং সহোদর ভ্রাতা-ভগ্নীগণের মধ্যে মৌখিক হেবা বিষয়ক ঘোষণার দলিলের ক্ষেত্রে সম্পত্তির মূল্য নির্বিশেষে একশত টাকা।

(৩) নিবন্ধন আইনের ধারা ৭৮ক(খখ) এর অধীন হিন্দু, খ্রিস্টান ও বৌদ্ধ ধর্মাবলম্বীগণের স্ব স্ব ব্যক্তিগত আইনের অধীন স্বামী-স্ত্রী; পিতামহ-পিতামহী (মাতামহ-মাতামহী) ও পৌত্র-পৌত্রী (দৌহিত্র-দৌহিত্রী), সহোদর ভ্রাতা; সহোদর ভগ্নী; এবং সহোদর ভ্রাতা-ভগ্নীগণের মধ্যে মৌখিক দান বিষয়ক ঘোষণার দলিল, যদি এইরূপ দান তাহাদের ব্যক্তিগত আইনে সমর্থন করে তাহা হইলে সেইক্ষেত্রে সম্পত্তির মূল্য নির্বিশেষে একশত টাকা।

(৪) নিবন্ধন আইনের ধারা ৭৮ক(গ) এর অধীন সম্পত্তি হস্তান্তর আইন, ১৮৮২ এর ধারা ৫৯ এর অধীন সম্পাদিত কোন বন্ধকনামা দলিল দ্বারা যে পরিমাণ অর্থের নিরাপত্তা প্রদান করা হয়, সেই পরিমাণ অর্থকে দলিলের মূল্য ধরিয়া নিম্নবর্ণিত হারে ফি প্রদেয় :

| | | |
|---|---|---|
| (অ) | যেক্ষেত্রে ঋণ বাবদ জামানতকৃত টাকার পরিমাণ অনূর্ধ্ব পাঁচ লক্ষ টাকা— | জামানতকৃত টাকার ১% (শতকরা এক টাকা), কিন্তু দুইশত টাকার কম নহে এবং পাঁচশত টাকার অধিক নহে; |
| (আ) | যেক্ষেত্রে ঋণ বাবদ জামানতকৃত টাকার পরিমাণ পাঁচ লক্ষ টাকার ঊর্ধ্বে কিন্তু অনূর্ধ্ব বিশ লক্ষ টাকা— | জামানতকৃত টাকার ০.২৫% (শতকরা শূন্য দশমিক দুই পাঁচ), কিন্তু পনের শত টাকার কম নহে এবং দুই হাজার টাকার অধিক নহে; এবং |
| (ই) | যেক্ষেত্রে ঋণ বাবদ জামানতকৃত টাকার পরিমাণ বিশ লক্ষ টাকার ঊর্ধ্বে— | জামানতকৃত টাকার ০.১০% (শতকরা শূন্য দশমিক এক শূন্য), কিন্তু তিন হাজার টাকার কম নহে এবং পাঁচ হাজার টাকার অধিক নহে। |

**দ্রষ্টব্য :** দফা ক(১)(গ)(৪) এ উল্লিখিত ক্ষেত্র ব্যতীত অন্যান্য বন্ধকনামা দলিলের ক্ষেত্রে, উহা দ্বারা যে পরিমাণ অর্থকে নিরাপত্তা প্রদান করা হইবে উহাকে দলিলের মূল্য ধরিয়া উপরিউল্লিখিত ক(১)(ক) বা (খ) দফায় বর্ণিত হারে ফি প্রদেয়।

(৫) নিবন্ধন আইনের ধারা ৭৮খ এর অধীন স্থাবর সম্পত্তির বণ্টননামা দলিলের ক্ষেত্রে :

| | | |
|---|---|---|
| (অ) | সম্পত্তির মূল্য অনূর্ধ্ব তিন লক্ষ টাকা হইলে— | —পাঁচশত টাকা; |
| (আ) | সম্পত্তির মূল্য তিন লক্ষ টাকার ঊর্ধ্বে এবং দশ লক্ষ টাকার অনূর্ধ্ব হইলে | —সাতশত টাকা। |
| (ই) | সম্পত্তির মূল্য দশ লক্ষ টাকার ঊর্ধ্বে এবং ত্রিশ লক্ষ টাকার অনূর্ধ্ব হইলে— | —এক হাজার দুইশত টাকা; |
| (ঈ) | সম্পত্তির মূল্য ত্রিশ লক্ষ টাকার ঊর্ধ্বে এবং পঞ্চাশ লক্ষ টাকার অনূর্ধ্ব হইলে— | —এক হাজার আটশত টাকা; |
| (এ) | সম্পত্তির মূল্য পঞ্চাশ লক্ষ টাকার ঊর্ধ্বে হইলে— | —দুই হাজার টাকা। |

(৬) ট্রাস্ট দলিলের ক্ষেত্রে :

| | | |
|---|---|---|
| (অ) | দলিলের মূল্য অনূর্ধ্ব ৪০০০/- টাকা হইলে— | মূল্যের ২%, তবে সর্বনিম্ন ১০০/- টাকা; |
| (আ) | দলিলের মূল্য ৪০০০/- টাকার ঊর্ধ্বে হইলে— | ২৫০০/- টাকা। |

***নিম্নবর্ণিত দলিলসমূহে দফা 'ক' প্রযোজ্য :**

স্বত্বান্তরপত্র (কবলা দলিল) এবং বিক্রয় বিল, দানপত্র বা মোহরানার দলিল, বন্দোবস্ত বা নিরূপণপত্র, বণ্টননামা, ইজারা, বন্ধকনামা বা পুনঃ দায় সংযুক্তিকরণপত্র, ক্ষতি নিষ্কৃতি বা জামিননামা বন্ড ব্যতীত অন্য সকল প্রকারের বন্ড, বন্ধকনামা মূলে কোন হস্তান্তরপত্র, বিমাপত্র, বিল অব এক্সচেঞ্জ এবং প্রমিসরি নোট, কোন বন্ড বা বন্ধকী দলিল দ্বারা নিরাপত্তা প্রদানকৃত স্বার্থ সংশ্লিষ্ট স্বত্ব নিয়োগপত্র, বিমাপত্র, বিনিময় বিল বা প্রমিসরি নোট এবং সার্বিকভাবে একই বৈশিষ্ট্যের অন্যান্য সকল প্রকার দলিল।

**নিম্নবর্ণিত শ্রেণির দলিলসমূহের ক্ষেত্রেও দফা 'ক' প্রযোজ্যঃ**

প্রাপ্তি স্বীকারপত্র বা অর্থ প্রাপ্তির রশিদপত্র, নিলাম বিক্রয়ের সার্টিফিকেট, না-দাবিনামা বা মুক্তিনামা যাহার দ্বারা কোন ব্যক্তি পূর্বে নিবন্ধিত কোন বন্ধকনামামূলে আবদ্ধ ছিল না, এইরূপ সুনির্দিষ্ট সম্পত্তির দাবি পরিত্যাগপূর্বক বণ্টননামার নির্দেশ সম্বলিত সালিশ নামা বা এ্যাওয়ার্ড, নিরূপণপত্র প্রকৃতির অছি বা ট্রাস্ট ঘোষণাপত্র, সম্পত্তি সংক্রান্ত বিনিময়পত্র, মূল্যের বিনিময়ে ইজারা হস্তান্তরপত্র, অংশীদারিত্ব বিলুপ্ত করিয়া মূল্যের বিনিময়ে এক অংশীদারের শেয়ার এবং স্বার্থ অন্য অংশীদারের নিকট হস্তান্তরকরণ সংক্রান্ত দলিল ইত্যাদি।

| দফা | মূল্য বর্ণিত দলিলের বিবরণ | ফিসের হার বা পরিমাণ |
|---|---|---|
| **ক (২)** | যদি কোন দলিলে অধিকার, স্বত্ব এবং স্বার্থের মূল্যের উল্লেখ করা না হয়, তাহা হইলে এইরূপ দলিলের জন্যে ১০০/- টাকা ফি প্রদেয় হইবে। | |

*ব্যাখ্যা :*

(১) হস্তান্তর ও বিক্রয় বিলের ক্ষেত্রে যদি কোন পণমূল্য উল্লেখ থাকে, তবে উক্ত পণমূল্য;

দানপত্র দলিলের ক্ষেত্রে বর্ণিত সম্পত্তির মূল্য;

মোহরানা ও বন্দোবস্তপত্রের ক্ষেত্রে যথাক্রমে যৌতুকের পরিমাণ ও বন্দোবস্তকৃত সম্পত্তির মূল্য;

ইজারা ব্যতীত অন্য যে দলিলে কিস্তি আকারে অর্থ পরিশোধের ব্যবস্থা আছে, সেইক্ষেত্রে একটি কিস্তি ও তৎসহ উক্ত পর্যায়ক্রমিক ব্যতীত প্রদেয় যেকোন পরিমাণ অর্থের সমষ্টি; এবং

বন্ড, বন্ধকী ও পুনঃদায়সংযুক্তকরণ দলিলের ক্ষেত্রে উক্ত দলিলসমূহ দ্বারা নিরাপত্তা বিধানকৃত অর্থের পরিমাণ এই অনুচ্ছেদের মর্মানুসারে হস্তান্তরিত অধিকার, স্বত্ব বা স্বার্থের মূল্য হিসাবে গণ্য করা হইবে।

(২) এই অনুচ্ছেদের মর্মানুসারে নিম্নে শ্রেণিবিন্যস্ত ইজারাসমূহের ক্ষেত্রে প্রত্যেক শ্রেণির বিপরীতে যে টাকার অংক নির্দিষ্টভাবে উল্লেখ করা হইয়াছে উহাই হস্তান্তরিত অধিকার, স্বত্ব বা স্বার্থের মূল্য হিসাবে গণ্য হইবে :

| ইজারার শ্রেণি বিভাগ | হস্তান্তরিত অধিকার, স্বত্ব বা স্বার্থের ঘোষিত মূল্য |
|---|---|
| (ক) যে ইজারার খাজনা নির্দিষ্ট এবং যাহার বাবদ কোন জরিমানা বা কিস্তি প্রদান বা অর্পণ করা হয় নাই এবং যাহা নিম্নবর্ণিত মেয়াদের জন্য মঞ্জুরীকৃত :— | |
| (১) এক বৎসরের কম মেয়াদের জন্য; বা | ইজারার মাধ্যমে প্রদেয় মোট অর্থ। |
| (২) এক বা ততোধিক বৎসরের জন্য, কিন্তু দশ বৎসরের অধিক নহে; বা | বার্ষিক গড় খাজনার সম পরিমাণ অর্থ। |
| (৩) দশ বৎসরের অধিক সময়ের জন্য বা কোন অনির্দিষ্ট সময়ের জন্য, বা চিরকালের জন্য। | দুই বৎসরের খাজনার সম পরিমাণ অর্থ। |
| (খ) যে ইজারা জরিমানা বা কিস্তির বিনিময়ে বা অগ্রিম প্রদত্ত অর্থের বিনিময়ে মঞ্জুর করা হয় এবং যে ইজারা দ্বারা কোন খাজনা সংরক্ষিত হয় না। | জরিমানা, কিস্তি বা অগ্রিম প্রদত্ত অর্থ। |

| | |
|---|---|
| (গ) যে ইজারা সংরক্ষিত খাজনাসহ জরিমানা বা কিস্তি বা অগ্রিম প্রদত্ত অর্থের বিনিময়ে মঞ্জুর করা হয়। | (১) প্রদত্ত জরিমানা, কিস্তি বা অগ্রিম অর্থের সমষ্টি, এবং (২) যদি কোন জরিমানা, কিস্তি বা অগ্রিম পরিশোধ বা প্রদেয় না হইত তবে (ক) অনুচ্ছেদের অধীন নির্ণীত অর্থ। |

(৩) বণ্টননামা দলিলে যে অংশ বা অংশসমূহের মূল্যের উপর ১৮৯৯ সনের স্ট্যাম্প আইনের ১নং তফসিলের ৪৫নং অনুচ্ছেদ অনুযায়ী স্ট্যাম্প শুল্ক ধার্য হয়, এই অনুচ্ছেদের মর্মানুযায়ী সেই মূল্যকেই হস্তান্তরিত অধিকার, স্বত্ব এবং স্বার্থের মূল্য ধরিতে হইবে:

তবে শর্ত থাকে যে :—

(ক) যদি কোন রায়তকে পাট্টা বা ইজারা# প্রদান করা হয়, এবং সেই রায়ত কর্তৃক সম্পাদিত উক্ত ইজারার কবুলিয়ত বা অনুলিপি নিবন্ধনের জন্য একই সময় দাখিল করা হয়, তাহা হইলে পাট্টার ক্ষেত্রে শুধুমাত্র পাট্টা নিবন্ধনের জন্য দাখিল করা হইলে যে পরিমাণ ফি প্রদান করিতে হইত উহার অর্ধেক প্রদান করিতে হইবে এবং কবুলিয়তের জন্য পাট্টার জন্য প্রদেয় সমান ফি প্রদান করিতে হইবে;

(খ) কোন নিদর্শনপত্র যদি পূর্বোক্ত দুই বা ততোধিক বর্ণনার দলিলে গঠন করা হয় এবং উহাদের প্রদেয় ফি পৃথক হয়, তবে উহাতে উল্লিখিত সর্বোচ্চ পরিমাণ ফি প্রদেয়

(গ) কোন নিদর্শনপত্র কতিপয় পৃথক বিষয় সমন্বয়ে লিখিত হইলে, পৃথক পৃথক বিষয়গুলিকে ভিন্ন ভিন্ন নিদর্শনপত্র বিবেচনা করিয়া, ভিন্ন ভিন্ন ফিসের সমষ্টির সম পরিমাণ ফি প্রদেয় হইবে;

(ঘ) একাধিক পক্ষের নামে লিখিত কোন দলিল যদি কতিপয় পক্ষ দ্বারা সম্পাদনক্রমে নিবন্ধনের জন্য দাখিলপূর্বক সম্পাদন স্বীকার করা হয় এবং উক্ত দলিলখানিতে নিবন্ধন আইনের ধারা ৬০ অনুসারে নিবন্ধীকরণের প্রত্যয়ন প্রদানের পূর্বেই অন্যপক্ষগণ বা তাহাদের মধ্যে কেহ যদি উপস্থিত হইয়া দলিলখানি সম্পাদনপূর্বক উহা স্বীকার করেন, তাহা হইলে আর কোন অতিরিক্ত ফি প্রদান করিতে হইবে না, কিন্ত দলিলখানির নিবন্ধন সংক্রান্ত কার্য সম্পন্ন হইয়া থাকিলে উহা পুনরায় নতুনভাবে দাখিলপূর্বক দ্বিতীয়বার ফি প্রদান করিতে হইবে; এবং

(ঙ) সহায়ক বা সহযোগী বা অতিরিক্ত বা প্রতিস্থাপিত নিরাপত্তা দ্বারা, বা অধিক নিশ্চয়তার দ্বারা নিরাপত্তা বিধানের লক্ষ্যে সৃষ্ট দলিলের মূল বা প্রাথমিক বন্ধকনামার যথাযথ নিবন্ধনের বিষয়ে নিবন্ধন কর্মকর্তা নিশ্চিত হইয়া থাকিলে এবং মূল বা প্রাথমিক বন্ধকনামা দলিলের ১০০/- টাকার অধিক না হইয়া থাকিলে উক্ত নিরাপত্তা বিধানকারী দলিলের ফিসের পরিমাণও একই হইবে, তবে কোন ক্রমেই ইহা ১০০/- টাকার অধিক হইবে না; এবং

(চ) যদি কোন ইজারা দলিল অনুলিপিসহ সম্পাদিত হয়, এবং মূল ও অনুলিপি উভয় দলিল একই সময় নিবন্ধনের জন্য দাখিল করা হইয়া থাকে, তবে মূল দলিলের ক্ষেত্রে প্রদেয় ফি'র পরিমাণ ইজারা দলিলের জন্য নির্ধারিত ফি'র সমপরিমাণ হইবে এবং অনুলিপি দলিলের জন্য প্রদেয় নিবন্ধন ফি'র পরিমাণ হইবে ৫০০/- টাকা।

#দুই বৎসরের খাজনা নির্ণয়কালে নিম্নবর্ণিত নির্দেশসমূহ অনুসরণ করিতে হইবে :—

(১) ইজারা দশ বৎসরের অধিক কালের জন্য হইলে, যত বৎসরের জন্য ইজারা প্রদান করা হইয়াছে তত বৎসরের প্রদেয় খাজনার সমষ্টি নির্ণয়পূর্বক উহাকে ইজারার অর্ধেক সময়কাল দ্বারা ভাগ করিলে দুই বৎসরের খাজনা পাওয়া যাইবে। এইরূপ ২০ বৎসরের জন্য খাজনা প্রদান করা হইলে, ২০ বৎসরের প্রদেয় মোট খাজনাকে ১০ দ্বারা ভাগ করিলে ২ বৎসরের খাজনা পাওয়া যাইবে।

(২) অনির্দিষ্টকালের ইজারার ক্ষেত্রে প্রথম ১০ বৎসরের খাজনা নির্ণয় করিতে হইবে, ইহার পর উক্ত পরিমাণ অর্থকে পাঁচ ভাগ করিয়া এক ভাগ করিলেই দুই বৎসরের খাজনা পাওয়া যাইবে।

(৩) চিরস্থায়ী ইজারার ক্ষেত্রে ৫০ বৎসরের খাজনার সমষ্টিকে ২৫ দ্বারা ভাগ করিলে দুই বৎসরের খাজনা পাওয়া যাইবে।

(৩ক) এই অনুচ্ছেদের সুবিধা পাওয়ার ক্ষেত্রে ইজারাটি অবশ্যই দৃষ্টত রায়তি-ইজারা অর্থাৎ কৃষি কার্যের জন্য রায়তকে প্রদত্ত ইজারা হইতে হইবে।

| | | |
|---|---|---|
| **ক (৩)** | যে কোন পরিমাণের পণমূল্যসহ অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব অ্যাটর্নি- | মূল্যের ২%, তবে সর্বনিম্ন ১০০/- টাকা এবং অনধিক ৪০,০০০/- টাকা।" |

**খ** কবলা বা বন্ধকি দলিলের পণের টাকা, বা ইজারা বাবদ কর বা কোন দলিলে বর্ণিত মূল্য সংক্রান্ত লেন-দেনের প্রাপ্তিস্বীকারপূর্বক সৃষ্ট পৃথক কোন দলিলমূলে প্রাপ্ত টাকার পরিমাণের উপর দফা 'ক' দ্বারা নির্ধারিত মূল্যানুপাতিক হারে ফি নির্ধারিত হইবে :

তবে শর্ত থাকে যে, যদি একই লেন-দেন উল্লেখ করিয়া কোন দলিল ইতোমধ্যে নিবন্ধন[১] করা হইয়া থাকে, তাহা হইলে ফিসের পরিমাণ ১০০/- টাকার অধিক হইবে না।

[১] ***টীকা*** **:**

পণ, খাজনা বা অন্য যে কোন প্রকার অর্থের প্রাপ্তি স্বীকার করিয়া লিখিত কোন দলিলে দফা 'ক' অনুযায়ী নির্ধারিত মূল্যানুপাতিক হারে নিবন্ধন ফি ধার্য হইবে। যেক্ষেত্রে উক্ত প্রাপ্তিস্বীকারপত্র বা রশিদ একই লেন-দেন সংক্রান্ত একটি পৃথক বা অনুপূরক দলিল হয়, সেইক্ষেত্রে যদি মূল দলিলটি নিবন্ধন না করা হইয়া থাকে, তাহা হইলে দফা 'খ' এর ১ম অনুচ্ছেদ প্রযোজ্য হইবে, অর্থাৎ পৃথক বা অনুপূরক দলিলের মূল্য দফা 'ক' অনুসারে ফিস ধার্য হইবে। কিন্তু যদি মূল দলিলটি নিবন্ধিত হইয়া থাকে, তাহা হইলে দফা 'খ' এর শর্তাংশ অনুসারে ফি নির্ণয় করিতে হইবে, অর্থাৎ দফা 'ক' অনুযায়ী মূল্যানুপাতে সর্বোচ্চ ১০০/- টাকা আদায় সাপেক্ষে ধার্যযোগ্য হইবে।

| দফা | মূল্য বর্ণিত দলিলের বিবরণ | ফিসের হার বা পরিমাণ |
|---|---|---|
| গ | অছিয়তনামার ক্ষেত্রে— | |
| | (১) সিলমোহরকৃত খামে রক্ষিত উইল জমা দেওয়া বা ফেরত লইবার জন্য— | ১০০/- টাকা; |
| | (২) উক্ত খাম উন্মুক্তকরণের জন্য (এই ফিস, উইলে অন্তর্ভুক্ত বিষয়ের অবিকল নকল প্রদানের জন্য দফা 'ছ' অনুসারে নির্ধারিত ফিসের অতিরিক্ত)— | ১০০/- টাকা; |
| | (৩) কোন উইল বা দত্তকগ্রহণের প্রাধিকারপত্র নিবন্ধন বা নিবন্ধিত কোন উইল প্রত্যাহার বা রদ করিবার জন্য— | ২০০/- টাকা |
| ঘ | ব্যক্তিগত চাকরি (পার্সোনাল সার্ভিস) সংক্রান্ত একরারনামা নিবন্ধনের ক্ষেত্রে— | ১০০/- টাকা |
| ঙ | পূর্বোক্ত কোন দফায় উল্লেখ করা হয় নাই বা বর্ণিত হয় নাই এইরূপ কোন দলিলের ক্ষেত্রে— | ১০০/- টাকা |

[দফা "ক(২)" এর (৩) নং ব্যাখ্যায় বর্ণিত (গ) ও (ঘ) শর্তাংশ "খ", "ঘ" ও "ঙ" দফার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।]

* নিম্নলিখিত শ্রেণির দলিল নিবন্ধনের ক্ষেত্রে দফা 'ঙ' অনুযায়ী ফি প্রদেয় :

(১) পুনঃ হস্তান্তর, যে দলিলমূলে ইতঃপূর্বে বন্ধককৃত সম্পত্তি পুনরুদ্ধার করা হয়; (২) ইজারা সমর্পণপত্র; (৩) ট্রাস্ট এবং বন্দোবস্তপত্র বা নিরূপণপত্রের রহিতকরণ দলিল; (৪) অংশীদারি দলিল এবং পুনঃস্বত্বান্তরপত্র; (৫) অংশীদারি রহিতকরণপত্র এবং উইল বাতিল ব্যতীত অন্যান্য বাতিলনামা দলিল ; (৬) হলফনামা ইত্যাদি। (মহা-পরিদর্শক, নিবন্ধনের পরিপত্র নং ৯ তারিখ : ২৫/২/১৯১৫ খ্রিঃ দ্রষ্টব্য)

*নিম্নলিখিত শ্রেণির দলিল নিবন্ধনের ক্ষেত্রেও দফা 'ঙ' অনুযায়ী ফি প্রদেয় :

(১) সাধারণ পাওয়ার অব অ্যাটর্নি; (২) অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব অ্যাটর্নি (ঋণ গ্রহণের বিপরীতে তফসিলি ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত); (৩) অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব অ্যাটর্নি (পণমূল্য ব্যতীত) এবং (৪) অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব অ্যাটর্নি (পণমূল্যের বিনিময়ে প্রদত্ত)। (মহা-পরিদর্শক, নিবন্ধনের স্মারক নং ১১০১২(৬১) তারিখ : ১/৭/২০১৩ খ্রিঃ দ্রষ্টব্য)

চ সূচিবহি তল্লাশ এবং রেজিস্টার বহিসমূহ পরিদর্শন ইত্যাদির জন্য প্রদেয় ফি'র পরিমাণ নিম্নরূপ :—

| | |
|---|---|
| (১) তল্লাশি- কোন নির্দিষ্ট কার্যালয়ের প্রতি দলিলে সংশ্লিষ্ট ব্যক্তির নাম বা অন্তর্ভুক্ত সম্পত্তির বিবরণ সংক্রান্ত প্রতিটি ভুক্তির সূচি তল্লাশির ক্ষেত্রে : | |
| (অ) এক বৎসরের জন্য— | ২০/- টাকা ; |
| (আ) একাধিক বৎসরের ক্ষেত্রে, প্রথম বৎসরের জন্য— এবং | ২০/- টাকা ; |
| অতিরিক্ত প্রতি বৎসরের জন্য— | ১৫/- টাকা ; |
| (২) পরিদর্শন—১, ৩ ও ৪ নং বহিতে অন্তর্ভুক্ত প্রতিটি নকল অথবা অন্যান্য রেজিস্টার বা বহি বা কোন সুনির্দিষ্ট দলিল বা নথির কোন পৃষ্ঠা পরিদর্শনের জন্য : | ১০/- টাকা |

তবে শর্ত এই যে :

(ক) কোন একটি নির্দিষ্ট অফিসের সূচিবহিতে অন্তর্ভুক্ত কোন একটি নাম বা সম্পত্তির বিবরণ তল্লাশির ক্ষেত্রে ফি'র পরিমাণ ১৫০/- টাকার অধিক হইবে না;

(খ) যদি কোন আবেদনকারী কোন নির্দিষ্ট বৎসরের নির্দিষ্ট কোন ভুক্তি তল্লাশির জন্য আবেদন দাখিলক্রমে আবেদনে নিরূপিত প্রাপ্যতার অধিক ভুক্তি সম্পর্কে টোকা গ্রহণ করে, তাহা হইলে তাহাকে আবেদনকালীন সময় জমাকৃত ফি বাদ দিয়া মোট ১৫০/- টাকা পরিশোধ করিতে হইবে;

(গ) যদি কোন দলিলের নকল সংগ্রহের জন্য আবেদনের সহিত নিবন্ধিত মূল দলিল বা উহার সত্যায়িত অনুলিপি দাখিল করা হয়, কিংবা যদি কোন দলিল নিবন্ধনের সময় উহার নকল পাইবার জন্য আবেদন দাখিল করা হয়, তবে কোন তল্লাশি ফি প্রদান করিতে হইবে না;

(ঘ) ধারা ৭২, ধারা ৭৩ ও ধারা ৭৪ অনুসারে কোন মামলা সংক্রান্ত একটি নথি অথবা কতিপয় নথিপত্র পরিদর্শনের জন্য আবেদন দাখিল করা হইলে দফা চ(২) অনুসারে কেবলমাত্র একটি পরিদর্শন ফি প্রদান করিতে হইবে;

(৩) (অ) নিবন্ধিত কোন দলিল-সংশ্লিষ্ট রেজিস্টারবহি পরিদর্শন করিবার জন্য আবেদন দাখিলের পূর্বেই সূচিবহি তল্লাশের জন্য নির্ধারিত ফি পরিশোধ করিতে হইবে;

(আ) নিবন্ধিত কোন দলিলের সত্যায়িত অনুলিপি লইবার জন্য আবেদন দাখিলের পূর্বেই উপরে বর্ণিত (গ) অনুচ্ছেদের শর্ত সাপেক্ষে সূচিবহি তল্লাশ এবং রেজিস্টারবহি পরিদর্শনের ফি পরিশোধ করিতে হইবে;

(ই) অন্যান্য দলিল, ভুক্তি বা নথিপত্রের নকলের জন্য আবেদন দাখিলের পূর্বেই উক্ত দলিল, ভুক্তি বা নথিপত্র তল্লাশির জন্য নির্ধারিত ফি পরিশোধ করিতে হইবে।

| | | |
|---|---|---|
| **ছ** | (ক) কোন হেতু, ভুক্তি বা দলিলের নকল প্রস্তুতকরণ বা প্রদানের ক্ষেত্রে : | |
| | (অ) মাতৃভাষায় (বাংলায়) প্রতি ১০০ (একশত) শব্দ বা তাহার অংশবিশেষের জন্য— | ১০/- টাকা; |
| | (আ) ইংরেজি ভাষায় প্রতি ১০০ (একশত) শব্দ বা তাহার অংশবিশেষের জন্য— | ১৫/- টাকা |

(খ) কোন আবেদনকারী, কার্যালয়ের অন্যান্য নকলের কাজ অপেক্ষা, তাহার প্রার্থিত নকলের জন্য অগ্রাধিকার চাহিলে তাহাকে অতিরিক্ত ৫০/- টাকা দিতে হইবে অথবা, যদি নকলটি প্রতি পৃষ্ঠায় ৩০০ শব্দ-বিশিষ্ট চার পৃষ্ঠার অধিক হয়, তাহা হইলে প্রতি পৃষ্ঠার জন্য ১৫/- টাকা হারে অতিরিক্ত ফি দিতে হইবে।

*টীকা :*

(১) যদি কোন আবেদনকারী ইতোমধ্যে নিবন্ধিত কোন দলিলের মুদ্রিত বা টাইপকৃত নকল দাখিল করিয়া উহাকে 'অবিকল নকল' মর্মে প্রত্যায়নযুক্তরূপে পাইবার জন্য আবেদন করেন, তাহা হইলে এইরূপ নকলের তুলনা করিবার জন্য ফিসের পরিমাণ এই অনুচ্ছেদ অনুসারে ধার্যযোগ্য ফিসের অর্ধেক হইবে।

(২) ফিস্ প্রদান হইতে রেহাইপ্রাপ্ত নকল ব্যতীত অন্যান্য সকল নকলের আবেদনে কোর্ট ফি আইন, ১৮৭০ (১৮৭০ সনের ৭নং আইন) এর অধীন ২০/- টাকার কোর্ট ফি প্রদেয় হইবে।

**২-অতিরিক্ত ফি**

**জ** বর্তমানে অকার্যকর।

**ঝ** বর্তমানে অকার্যকর।

**ঞ** (১) কোন দলিল নিবন্ধনের উদ্দেশ্যে গ্রহণ করিবার জন্য বা সম্পাদনের স্বীকারোক্তি লিপিবদ্ধক্রমে কোন দলিল গ্রহণ করিতে বা কোন উইল দলিল জমার জন্য গ্রহণ করিতে নিবন্ধন আইন, ১৯০৮ এর ধারা ৩১ এর বিধান অনুযায়ী যদি কোন কর্মকর্তাকে কোন ব্যক্তির আবাসস্থলে গমন করিতে হয়, তাহা হইলে ৩০০/- টাকা ফি প্রদেয়।

(২) নিবন্ধনের কার্যালয় হইতে পরিদর্শন স্থলের দূরত্ব এক কিলোমিটারের অধিক হইলে পূর্বোক্ত ঞ(১) ফিস্ ব্যতীত ভ্রমণ ভাতা বাবদ নিবন্ধন কর্মকর্তাকে ভ্রমণের প্রকৃত দূরত্বের হিসাবে কিলোমিটার প্রতি ১০/- টাকা হারে, তবে সর্বনিম্ন ১০০/- টাকা এবং সঙ্গীয় পিয়নকে ৬/- টাকা হারে, তবে সর্বনিম্ন ৬০/- টকা প্রদান করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, যে সকল পৌর শহরে গাড়ি বা যান-বাহন ভাড়ায় পাওয়া যায়, সেই সকল স্থানে ভ্রমণকৃত দূরত্ব এক কিলোমিটারের কম বা বেশি হউক না কেন, নিবন্ধন কর্মকর্তাকে ভ্রমণ ভাতার পরিবর্তে স্থানীয়ভাবে প্রচলিত ভাড়ার হারে যাতায়াত ভাতা প্রদান করিতে হইবে। সরকারের অনুমোদনক্রমে মহা-পরিদর্শক, নিবন্ধন ভাড়ার হার নির্ধারণ করিবেন।

ট (১) নিবন্ধন আইন, ১৯০৮ এর ধারা ৩৩ এর উপ-ধারা (৩) এর বিধান অনুযায়ী কোন কমিশন ইস্যু করিবার পূর্বে অথবা পাওয়ার অব অ্যাটর্নির সম্পাদন স্বেচ্ছাপ্রণোদিত কি না তদ্‌বিষয়ে সাক্ষ্যাদি গ্রহণের নিমিত্ত নিবন্ধন কর্মকর্তা বা ম্যাজিস্ট্রেট ব্যক্তিগতভাবে কোন ব্যক্তির আবাসস্থলে বা জেলখানায় গমনের পূর্বে, এবং ধারা ৩৮ এর উপ-ধারা (২) এর বিধান অনুযায়ী কোন কমিশন ইস্যু করিবার পূর্বে, অথবা কোন ব্যক্তিকে পরীক্ষা করিবার জন্য নিবন্ধন কর্মকর্তা বা ম্যাজিস্ট্রেট ব্যক্তিগতভাবে কোন ব্যক্তির আবাসস্থলে বা জেলখানায় গমনের পূর্বে, উপস্থিতি হইতে অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তিগণের বাবদ নিম্নবর্ণিত ফি প্রদেয় :—

| | |
|---|---|
| (ক) শারীরিক দৌর্বল্যের কারণে রেহাইপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি, জেলখানায় আবদ্ধ প্রত্যেক ব্যক্তি এবং আইনগতভাবে আদালতে উপস্থিত হইতে অব্যাহতিপ্রাপ্ত প্রত্যেক পর্দানশীন মহিলার জন্য— | ২০০/- টাকা; |
| এবং | |
| (খ) পর্দানশীন মহিলা ব্যতীত আইনানুগভাবে আদালতে উপস্থিত হইতে অব্যাহতিপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তির জন্য— | ১০০/- টাকা |

(২) উপরোক্ত ফিসের অতিরিক্ত, ঞ(২) দফা ও উহার শর্তাংশের অধীন ভ্রমণের জন্য যে হারে ভ্রমণ ভাতা বা যানবাহন ভাড়া আদায়যোগ্য, ঠিক একই হারে যে ব্যক্তি বরাবরে কমিশন ইস্যু করা হয় তাহাকে বা নিবন্ধন কর্মকর্তাকে বা ম্যাজিস্ট্রেটকে বা সঙ্গীয় পিয়নকে ভ্রমণ ভাতা বা যানবাহন ভাড়া প্রদান করিতে হইবে।

*দ্রষ্টব্য :*

(১) কমিশনে নিবন্ধিত দলিলের বাবদ 'ঞ(২)' এবং 'ট(২)' দফায় উল্লিখিত ভ্রমণভাতা সমবায় সমিতিসমূহ, উহাদের কর্মকর্তা বা সদস্যগণের নিকট হইতে আদায়যোগ্য। (মহা-পরিদর্শক, নিবন্ধন কর্তৃক জারিকৃত পরিপত্র নং- ১০ তারিখঃ ৩রা সেপ্টেম্বর ১৯১৪ খ্রিঃ দ্রষ্টব্য)

(২) যানবাহন ভাড়ার সাময়িক হার নিম্নরূপ :—

(অ) মেট্রোপলিটন শহরে ৫০০/- টাকা; (আ) বিভাগীয় শহরে ৪০০/- টাকা; (গ) জেলা শহরে ৩০০/- এবং (ঘ) দেশের অন্যান্য পৌর এলাকায় ২০০/- টাকা।

দফা 'জ', 'ঝ', 'ঞ' এবং 'ট' অনুসারে প্রদেয় ফিস সংক্রান্ত *টীকা :*

(১) নিবন্ধন (সংশোধন) অধ্যাদেশ, ১৯৮৫ (১৯৮৫ সনের ৫০নং অধ্যাদেশ) দ্বারা বিলুপ্ত হওয়ার কারণে ১৯৮৫ সনের ৭ অক্টোবর হইতে 'জ' ও 'ঝ' অকার্যকর।

(২) যদি একই পক্ষ কর্তৃক সম্পাদিত একই দলিলের দুই বা ততোধিক কপি একই সময়ে নিবন্ধনের জন্য দাখিল করা হয়, তবে প্রতিটি কপির বাবদ একটি সাধারণ ফিস প্রদেয়, কিন্তু ঐ একই দলিলের যতগুলি কপিই নিবন্ধনের জন্য দাখিল করা হউক না কেন 'ঞ' বা 'ট' দফার অধীন পরিশোধযোগ্য বাড়তি বা অতিরিক্ত ফিস শুধুমাত্র একটি দলিলের ক্ষেত্রেই ধার্য হইবে।

(৩) যেক্ষেত্রে দুই বা ততোধিক ব্যক্তি একই লেন-দেন সম্পর্কিত একই প্রকারের এক বা একাধিক দলিল সম্পাদনপূর্বক উহা বা উহাদের প্রতিলিপি নিবন্ধনের জন্য একই সময়ে দাখিল করিবার উদ্দেশ্যে ধারা ৩১ এর অধীন আবাসে দাখিল লইবার জন্য আবেদন করেন, অথবা যেক্ষেত্রে নিবন্ধন কর্মকর্তা বা ম্যাজিস্ট্রেট ধারা ৩৩ বা ধারা ৩৮ এর অধীন উল্লিখিত দুই বা ততোধিক ব্যক্তিকে একই সময়ে পরীক্ষা করেন বা ক্ষেত্রমত, পরীক্ষা করিবার জন্য কমিশন ইস্যু করেন, সেইক্ষেত্রে নিবন্ধন কর্মকর্তার উপস্থিতির জন্য উক্ত ব্যক্তিগণের বাবদ 'ঞ' দফায় কেবলমাত্র একটি ফি, অথবা 'ট' দফায় নিবন্ধন কর্মকর্তা বা ম্যাজিস্ট্রেটের উপস্থিতি বা, ক্ষেত্রমত, কমিশন ইস্যুকরণের জন্য কেবলমাত্র একটি ফি প্রদেয় হইবে।

ঠ পাওয়ার অব অ্যাটর্নির সম্পাদন প্রমাণীকরণ বা প্রত্যয়নের ক্ষেত্রে নিম্নবর্ণিত হারে ফি প্রদেয় :—

(অ) বিশেষ পাওয়ার অব অ্যাটর্নির জন্য ... ... ... ... ... ১০০/- টাকা

(আ) সাধারণ পাওয়ার অব অ্যাটর্নির জন্য ... ... ... ... ... ২০০/- টাকা

*টীকা :*

(১) স্বাক্ষরকারীর সংখ্যা যতই হউক না কেন তাহারা যদি একই সময়ে একযোগে উপস্থিত হন, তাহা হইলে উক্ত পাওয়ার অব অ্যাটর্নি প্রমাণীকরণের জন্য একটি মাত্র ফিস্ ধার্য হইবে। অপর দিকে তাহারা যদি একযোগে উপস্থিত না হন, তাহা হইলে একযোগে উপস্থিত প্রত্যেক জোটবদ্ধ ব্যক্তিগণের জন্য পৃথক ফি ধার্য হইবে।

(২) প্রমাণীকরণের জন্য যদি কোন পাওয়ার অব অ্যাটর্নির দ্বিতীয় বা তৃতীয়লিপি (ডুপ্লিকেট, ট্রিপ্লিকেট) দাখিল করা হয়, তাহা হইলে পৃথক পাওয়ার অব অ্যাটর্নি হিসাবে গণ্য করিয়া প্রত্যেকটির জন্য প্রমাণীকরণ ফি ধার্য হইবে।

ড ধারা ৬৪ বা ৬৫ এর অধীন অন্য কার্যালয়ে প্রেরিতব্য—

(ক) স্মারকলিপি; অথবা

(খ) দলিলের প্রতিলিপির জন্য 'ক', 'খ' বা 'ঙ' দফায় ফিসের সমপরিমাণ অতিরিক্ত ফিস প্রদেয় :

তবে শর্ত থাকে যে, উক্ত ফিসের পরিমাণ

'ড(ক)' দফায় অনূধর্ক্ষ ১০০/- টাকা এবং

'ড(খ)' দফায় অনূর্ধ্ব ৫০০/- টাকা হইবে।

ঢ দলিল নকলকরণার্থে রেজিস্টার বহির দুইয়ের অধিক পৃষ্ঠার প্রয়োজন হইবে এইরূপ ব্যাপ্তির প্রতিটি দলিল নিবন্ধনের জন্য 'ক', 'খ', 'গ', 'ঘ' এবং 'ঙ' দফায় প্রদেয় ফিস্ ব্যতীত প্রথম দুই পৃষ্ঠার অধিক প্রতি পৃষ্ঠা বা উহার অংশবিশেষের জন্য ৪০/- টাকা হারে অতিরিক্ত নকল ফি প্রদান করিতে হইবে।

*টীকা :*

দলিল দাখিল করা হইলে উক্ত দলিল কত শব্দ সম্বলিত হইতে পারে উহার একটি আনুমানিক হিসাব করিতে হইবে এবং প্রতি পৃষ্ঠা ৩০০ শব্দ সম্বলিত অনুমান করিয়া যদি এই দফার অধীনে কোন ফি ধার্যযোগ্য হয়, তাহা হইলে উহা অপরাপর ফিসের সহিত আদায়যোগ্য হইবে।

ণ যদি নিবন্ধন সম্পন্ন হওয়ার পর কোন দলিল, বা প্রমাণীকরণ সম্পন্ন হওয়ার পর কোন পাওয়ার অব অ্যাটর্নি, এক মাসের অধিক সময় দাবিবিহীন থাকিয়া যায়, তাহা হইলে এইরূপ দলিল নিবন্ধন বা পাওয়ার অব অ্যাটর্নি প্রমাণীকরণের পর প্রথম মাসের পরবর্তী প্রতি মাস বা উহার অংশবিশেষের জন্য ৫/- টাকা হারে ফি প্রদেয়, তবে উক্ত ফিসের মোট পরিমাণ হইবে অনূর্ধ্ব ১০০/- টাকা।

ত যদি নিবন্ধন অগ্রাহ্য করিবার পর কোন দলিল এক মাসের অধিক সময় দাবিবিহীন থাকিয়া যায়, তাহা হইলে এইরূপ অগ্রাহ্যকরণের পর প্রথম মাসের পরবর্তী প্রতি মাস বা উহার অংশবিশেষের জন্য ৫/- টাকা হারে ফি ধার্য হইবে, তবে উক্ত ফিসের মোট পরিমাণ হইবে অনূর্ধ্ব ১০০/- টাকা।

*টীকা :*

যেক্ষেত্রে রেজিস্ট্রারের নিকট প্রতীয়মান হয় যে, 'ণ' এবং 'ত' দফায় ধার্যযোগ্য ফিস আদায় করা সম্পূর্ণরূপে অযৌক্তিক বা কষ্টসাধ্য হইবে, তাহা হইলে তিনি উক্ত ফি সম্পূর্ণরূপে বা আংশিক মওকুফ করিতে ক্ষমতাবান।

## ফিসমুক্ত দলিল

১। নিম্নবর্ণিত শ্রেণির দলিল বা কার্যাদির ক্ষেত্রে উপরোল্লিখিত দফাসমূহে বর্ণিত ফিস হইতে অব্যাহতি প্রদান করা হইয়াছে:

(১) যে সকল দলিল সরকারের দ্বারা, সরকারের পক্ষে বা সরকারের অনুকূলে সম্পাদিত, যাহাতে আপাতত বলবৎ আইনে অর্থাৎ স্ট্যাম্প আইন, ১৮৯৯ এর ধারা ৩ এর শর্তাংশ (১) অনুসারে স্ট্যাম্প শুল্ক ধার্য হয় না, সেই সকল দলিল;

(২) সকল শ্রেণির সরকারি কর্মচারী এবং তাহাদের জামিনদারগণ কর্তৃক সরকারের অনুকূলে সম্পাদিত সিকিউরিটি বন্ড ও পেনাল্টি বন্ড;

(৩) যথাযথ কর্তব্য সম্পাদন সম্পর্কে অঘোষিত বা অধস্তন সরকারি কর্মকর্তাগণ কর্তৃক সম্পাদিত বন্ডসমূহ এবং উক্ত কর্মকর্তাগণের যথাযথ কর্তব্য সম্পাদন সম্পর্কে বেসরকারি পক্ষগণ কর্তৃক জামিনস্বরূপ সম্পাদিত বন্ডসমূহ বা বন্ধকনামা দলিল;

(৪) পাকা গৃহ নির্মাণের জন্য অগ্রিম গ্রহণের জামিনস্বরূপ সরকারি কর্মকর্তাগণ কর্তৃক সরকারের অনুকূলে সম্পাদিত বন্ধকনামা বন্ড;

(৫) সরকারি কর্মকর্তাগণ কর্তৃক গৃহীত গৃহনির্মাণ ঋণ পরিশোধান্তে উক্ত কর্মকর্তাগণের অনুকূলে সরকার কর্তৃক বা সরকারের পক্ষে সম্পাদিত পুনঃহস্তান্তর দলিল;

(৬) এগ্রিকালচারিস্ট'স লোনস্ অ্যাক্ট, ১৮৮৪ অনুসারে ঋণ গ্রহণকারী ব্যক্তিগণ কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল অথবা উক্ত অগ্রিম পরিশোধের জামিন স্বরূপ উক্ত ব্যক্তিগণের জামিনদার কর্তৃক সম্পাদিত দলিল;

(৭) সরকারের নিকট হইতে মোটর-কার, মোটর-বোট, মোটর-সাইকেল, ঘোড়া, সাইকেল বা টাইপ-রাইটার মেশিন ক্রয়ের জন্য গৃহীত ঋণের জামিনস্বরূপ সরকারি কর্মকর্তাগণ কর্তৃক সম্পাদিত বন্ধকনামা দলিল;

(৮) প্রকৃত সরকারি কাজের উদ্দেশ্যে সরকারি কর্মকর্তাগণকে প্রদত্ত কোন ভুক্তি, দলিল বা ম্যাপের নকল;

(৯) কোন সরকারি কর্মচারীকে গৃহ নির্মাণ অগ্রিম মঞ্জুর করিবার বিপরীতে সরকারের নিকট যে সম্পত্তি বন্ধক দেওয়া হইবে, উক্ত সম্পত্তি সম্পর্কে কোন নিবন্ধন কার্যালয়ের সূচিবহি তল্লাশ এবং রেজিস্টার-বহি পরিদর্শন;

(১০) বেঙ্গল এগ্রিকালচারাল ডেটর'স অ্যাক্ট, ১৯৩৫ (১৯৩৬ সনের ৭ নং আইন) এর ধারা ৩ এর অধীন গঠিত ঋণ সালিশি বোর্ড কর্তৃক সৃষ্ট বা মঞ্জুরকৃত রোয়েদাদ, আদেশ এবং সার্টিফিকেট;

(১১) বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংকের কোন কর্তৃক কোন কৃষিজীবীকে ঋণ মঞ্জুরের বিপরীতে উক্ত ব্যাংকের নিকট যে সম্পত্তি বন্ধক রাখা হইবে, উক্ত সম্পত্তি সম্পর্কে কোন নিবন্ধন কার্যালয়ের সূচি বহি তল্লাশ এবং রেজিস্টার বহি পরিদর্শন;

(১২) আখাউড়া হইতে আগত ও বর্তমানে দৌলতপুর থানার দেবনগর মৌজায় পুনর্বাসিত বাস্তুহারাগণকে প্রদত্ত গৃহনির্মাণ ঋণ সংক্রান্ত বন্ড এবং খুলনার রহিমনগর কলোনির বাস্তুহারাগণের নিবন্ধিত একরারনামা বন্ড;

(১৩) বাংলাদেশের জাতীয়কৃত ও অপরাপর তফসিলী ব্যাংকের অনুকূলে কৃষিকার্যের উদ্দেশ্যে ঋণ গ্রহীতা কর্তৃক ঋণের বিপরীতে সম্পাদিতব্য বন্ধকনামা দলিল;

(১৪) (১) সিলেট জেলায় মৎস্য পরিবহন সংক্রান্ত পাইলট স্কিম এবং (২) বাংলাদেশে মৎস্য শিকারের নৌকা যান্ত্রিকীকরণ সংক্রান্ত স্কিমের আওতায় সরকার কর্তৃক নিয়ন্তিত লঞ্চসমূহ কিস্তিতে ক্রয়ের নিমিত্ত সরকারের অনুকূলে পক্ষগণ কর্তৃক সম্পাদিত চুক্তিনামা এবং বন্ধকনামা দলিল;

(১৫) জাতীয়কৃত কলেজসমূহের অনুকূলে কলেজের ব্যবস্থাপনা কমিটি/গভর্নিং বডি কর্তৃক সম্পাদিত দানপত্র দলিল;

(১৬) জাতীয়কৃত বিদ্যালয়সমূহের অনুকূলে বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি/গভর্নিং বডি কর্তৃক সম্পাদিত দানপত্র দলিল;

(১৭) হাউজ বিল্ডিং ফিন্যান্স কর্পোরেশনের (পরবর্তীতে 'উক্ত কর্পোরেশন' নামে অভিহিত) অনুকূলে প্রদত্ত একই সম্পত্তির বিপরীতে উক্ত কর্পোরেশনের অনুমতিক্রমে এবং পরবর্তীতে উক্ত কর্পোরেশন কর্তৃক দায়িত্ব গ্রহণের প্রেক্ষিতে জাতীয়কৃত বাণিজ্যিক ব্যাংকসমূহ কর্তৃক মঞ্জুরকৃত অতিরিক্ত ঋণ গ্রহণের উদ্দেশ্যে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ কর্তৃক সম্পাদিত বন্ধকনামা দলিল;

(১৮) সরকার কর্তৃক ভূমিহীন কৃষকদের অনুকূলে বন্দোবস্তকৃত কৃষি খাস জমির কবুলিয়ত দলিল;

(১৯) অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ (২০০৩ সনের ৮ নং আইন) এর অধীন আদালত কর্তৃক ইস্যুকৃত সেল সার্টিফিকেট (বিক্রয় সনদ);

(২০) সমবায় জমি বন্ধকি ব্যাংক হইতে ঋণ গ্রহীতা সদস্যদের জমি বন্ধকনামা দলিল;

(২১) রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ধারা ৯৬ এর অধীন অগ্রক্রয় মোকদ্দমা হইতে উদ্ভূত দলিল।

২। সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) এর অধীন নিবন্ধিত কোন সমবায় সমিতি কর্তৃক বা উহার পক্ষে সম্পাদিত সকল দলিল বা এইরূপ কোন সমিতির কোন কর্মকর্তা বা সদস্য কর্তৃক সম্পাদিত এবং সমিতির কার্য সম্পর্কিত সকল দলিলে ইতঃপূর্বে বর্ণিত যে কোন দফায় প্রদেয় ফিস, যদি উক্তরূপ মওকুফ সরকার কর্তৃক সরকারি প্রজ্ঞাপন দ্বারা মঞ্জুর করা হইয়া থাকে।

## ফেরতযোগ্য ফিস

নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে নিবন্ধনকারী কর্মকর্তাগণকে ফিস ফেরতের ক্ষমতা প্রদান করা হইয়াছে:

(১) যে দলিলের নিবন্ধন প্রত্যাখান করা হইয়াছে, সেই দলিলের জন্য উপরোল্লিখিত দফামূলে প্রদত্ত সমুদয় ফিস;

(২) নিবন্ধন আইন, ১৯০৮ অনুযায়ী নিবন্ধিত যে দলিলে যথোপযুক্ত ফিস্ অপেক্ষা বেশি ফিস গ্রহণ করা হইয়াছে, সেই অতিরিক্ত ফিস;

(৩) ভিজিটে সম্পন্ন বা কমিশন নির্বাহ করিবার পূর্বেই যদি ভিজিটের বা কমিশনের আবেদন প্রত্যাহার করিয়া লওয়া হয়, সেই ভিজিট বা কমিশনের ফিস;

(৪) তল্লাশ বা পরিদর্শনের আবেদন দাখিলপূর্বক তল্লাশ বা পরিদর্শন অথবা উভয়ের কোনটিই সম্পন্ন না করিয়া যদি উক্তরূপ আবেদন দাখিলের ৩০ দিনের মধ্যে উল্লিখিত ফিস ফেরত প্রদানের আবেদন করা হয়, তাহা হইলে সেই তল্লাশ বা পরিদর্শন ফিস অথবা উভয়বিধ ফিস; এবং

(৫) নকলের কাজ শুরু হইবার পূর্বেই নকলের আবেদন প্রত্যাহার করিলে নকলের জন্য প্রদত্ত ফি।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মোঃ আকবর আলী শেখ**
উপ-সচিব (রেজিঃ)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd